



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান কার্যালয়
“বরেন্দ্র ভবন” রাজশাহী-৬০০০।

কৃষিই সমৃদ্ধি

☎ ০৭২১-৭৬০৫০৯, ৭৬০৯৮১
ইমেইল: chairman@bmda.gov.bd
ওয়েব সাইট: www.bmda.gov.bd



স্মারক নং-চেয়ারম্যান/২০২০-২০২১/৫৩

তারিখ-১৯/১১/২০২০

বিষয়ঃ মার্চ পর্যায়ে সেচ সংক্রান্ত বিষয়ে সমস্যা চিহ্নিতকরণ, সদর দপ্তর থেকে করণীয় কর্মসূচি গ্রহণ এবং জনগণি ভিত্তিতে তা বাস্তবায়নের লক্ষ্যে ইউনিট, রিজিয়ন এবং জোন পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে জরুরী Zoom Cloud সভা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেষ্ঠিতে জানানো যাচ্ছে যে, বিএমডিএ'র আওতাধীন এলাকায় চলতি রবি মৌসুমে কোন কোন জোনে আগামী ডিসেম্বরের প্রথম সপ্তাহ থেকে সেচ কার্যক্রম চালু করা প্রয়োজন হবে। যেহেতু নভেম্বর ২০২০ মাসে আমাদের কোন মাসিক সভা অনুষ্ঠিত হয়নি যেখানে বিষয়গুলি আলোচিত হতে পারতো সেজন্য এই সভাকে সেচ সংক্রান্ত জরুরী সভা হিসেবে অবহিত করে আগামী ২৬ নভেম্বর ২০২০ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০- বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত সারাদিনব্যাপী Zoom Cloud এ সভা আহ্বান করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।


এই জরুরী সভার এজেন্ডা মূলত ২টি:

১। এই সভাকে সফল করার লক্ষ্যে বিএমডিএ'র সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং জোন পর্যায়ের সহকারী প্রকৌশলীগণ অংশগ্রহণ করবেন। এই সভাতে বিএমডিএ'র প্রতিটি রিজিয়নের নির্বাহী প্রকৌশলগণ তার দায়িত্বপ্রাপ্ত স্ব স্ব রিজিয়নের জোনগুলির সহকারী প্রকৌশলীদের সঙ্গে এবং সংশ্লিষ্ট ইউনিটের তত্ত্বাবধায়ক প্রকৌশলীদের সঙ্গে মতবিনিময় ও পরামর্শগ্রহণ করে একটি ছোট লিখিত প্রতিবেদন তৈরী করবেন। যেখানে সেচ সংক্রান্ত বিষয় নিয়ে স্ব স্ব জোনের সমস্যা চিহ্নিতকরণ এর তার বিপরীতে সম্ভাব্য সমাধান কল্পে সদর দপ্তরের কি কি করণীয় রয়েছে সে সম্পর্কে প্রস্তাবনায় সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে।

আগামী ২৪ নভেম্বর ২০২০ তারিখ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে বিএমডিএ'র প্রতিটি রিজিয়নের নির্বাহী প্রকৌশলীগণ এই লিখিত প্রতিবেদনটি বিএমডিএ'র নির্বাহী পরিচালক বরাবর এবং সময় কম বিধায় উল্লেখিত প্রতিবেদনের অনুলিপি বিএমডিএ'র প্রধান কার্যালয়ের সেচ শাখার দায়িত্বপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং সচিব বরাবর পাঠাবেন যাতে করে সেচ শাখা এ বিষয়ে নির্বাহী পরিচালকের জন্য প্রয়োজনীয় পরামর্শ দ্রুত প্রস্তুত করতে পারেন। ২৫ নভেম্বর ২০২০ তারিখে সদর দপ্তরের সেচ শাখা এই প্রস্তাবনাগুলি যাচাই বাছাই করবে এবং নির্বাহী পরিচালককে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য লিখিতভাবে একটি প্রতিবেদন তৈরী করবে। যা আগামী ২৬ নভেম্বর ২০২০ তারিখে Zoom Cloud সভায় উপস্থাপিত হবে।

২। সভায় মার্চ পর্যায়ে যে সমস্ত নতুন প্রকল্প ইতিমধ্যে চালু হয়েছে তার অগ্রগতি, সমস্যা চিহ্নিতকরণ এবং সদর দপ্তরের করণীয় সম্পর্কে মত বিনিময় হবে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক রংপুর সার্কেল কর্তৃক স্থানীয় চরাঞ্চলে সেচ সম্প্রসারণ ও কৃষি উন্নয়ন নিয়ে প্রকল্পের খসড়ার উপর সংক্ষিপ্ত প্রতিবেদন উপস্থাপিত হবে যা রংপুর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/খসড়া প্রকল্প প্রণয়ের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে উপস্থাপিত হবে।

সংশ্লিষ্ট বিষয়াবলী উপস্থাপন এবং মত বিনিময়ের জন্য বিএমডিএ'র সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণ, নির্বাহী প্রকৌশলীগণ এবং জোন পর্যায়ের সহকারী প্রকৌশলীগণকে অংশগ্রহণ করতে হবে এই মর্মে জরুরী ভিত্তিতে নোটিশ করার জন্য অনুরোধ করা হলো।


২২/১১/২০২০

ড. মোঃ আকরাম হোসেন চৌধুরী (সাবেক এমপি)

চেয়ারম্যান

বিএমডিএ, রাজশাহী।

জনাব শ্যাম কিশোর রায়
নির্বাহী পরিচালক
বিএমডিএ, রাজশাহী।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি হেরীত হ'লঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সেচ শাখা, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।

২। সচিব, বিএমডিএ, রাজশাহী।